

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
পরিচালন বাজেট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)


স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০২.০১২.১৯-৪০

তারিখঃ ২৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

## সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২০২০-২১ অর্থবছরে পরিচালন বাজেটের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য বিশেষ অনুদানের আবেদন কারিগরি ক্রটিজনিত কারণে পূর্ব নির্ধারিত ১০/০২/২০২১ তারিখ থেকে গ্রহণ করা যাচ্ছে না বিধায় দুঃখ প্রকাশ করা হলো। আবেদন দাখিলের সময়সীমা **আগামী ১৯/০২/২০২১ থেকে ১০/০৩/২০২১ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।**

০২। জারীকৃত নীতিমালার আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে ([www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)) “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আর্থিক অনুদানের আবেদন ফরম” বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে এবং হার্ডকপিতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

  
০৯/০২/২০২১  
(রোকসানা রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫৪৩৬



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
পরিচালন বাজেট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)


স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০২.০১২.১৯-২৭

তারিখঃ ১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থবছরে পরিচালন বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য বিশেষ মঞ্জুরি হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে একটি নীতিমালা (সংশোধিত-২০২১) জারি করা হয়েছে। নীতিমালাটি কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে ([www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)) আপলোড করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতিপ্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম ক্রয়, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী বান্ধব প্রতিষ্ঠান গড়ার নিমিত্ত প্রয়োজনীয় প্রভুতি গ্রহণ এবং পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরীর আবেদন করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ প্রতিষ্ঠানের লেখাপড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- খ) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতিপ্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী তাদের জটিল ও ব্যয়বহল রোগ এবং দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরীর আবেদন করতে পারবেন;
- গ) সরকারি বা বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ জটিল ও ব্যয়বহল রোগ, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা ব্যয় নির্বাহের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধী, দরিদ্র মেধাবী ও অনগ্রসর সম্প্রদায়ের শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
- ঘ) উক্ত খাতে মঞ্জুরি/অনুদান প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের ১ ফেব্রুয়ারি পরিবর্তে আগামী ১০ ফেব্রুয়ারি, ২০২১ থেকে ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে ([www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)) “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আর্থিক অনুদানের আবেদন ফরম” বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- ঙ) বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্ষেত্রে অনুদানের আবেদনের যথাযথ কারণসহ প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- চ) শিক্ষক ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ব্যয়ের প্রমাণাদিসহ ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমাণকপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- ছ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে আবেদনের যথাযথ কারণ উল্লেখপূর্বক ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- জ) শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র/ছাত্রীদের বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং {ডাক বিভাগের ডিজিটাল লেনদেন (নগদ)} এর মাধ্যমে প্রদান করতে হবে;
- ঝ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করা হবে;
- ঞ) আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।

  
(সাবিনা ইয়াসমিন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৪৩৬